



যুদ্ধবিরতির আগেই মধ্যপ্রাচ্যে আরও ১০ হাজার সেনা পাঠাচ্ছে যুক্তরাষ্ট্র



মধ্যপ্রাচ্যে আরও ১০ হাজার সেনা পাঠাচ্ছে যুক্তরাষ্ট্র। ছবি: সংগৃহীত

ইরান-যুক্তরাষ্ট্র যুদ্ধবিরতির মেয়াদ শেষ হওয়ার আগেই মধ্যপ্রাচ্যে নতুন করে সেনা বাড়ানোর ঘোষণা দিয়েছে ওয়াশিংটন। ২২ এপ্রিল যুদ্ধবিরতি শেষ হওয়ার কথা থাকলেও, এর মধ্যেই প্রায় ১০ হাজার অতিরিক্ত সেনা পাঠানোর সিদ্ধান্ত নিয়েছে পেন্টাগন।

মার্কিন গণমাধ্যম জানায়, বিমানবাহী রণতরী 'ইউএসএস জর্জ এইচ. ডব্লিউ. বৃশ'-এর সঙ্গে প্রায় ৬ হাজার এবং 'বল্লার অ্যাম্ফিবিয়াস রেডি গ্রুপ'-এর সঙ্গে আরও প্রায় ৪ হাজার ২০০ নৌ ও মেরিন সদস্য দ্রুত ওই অঞ্চলে পৌঁছাবে। বর্তমানে মধ্যপ্রাচ্যে যুক্তরাষ্ট্রের প্রায় ৫০ হাজার সেনা মোতায়েন রয়েছে।

মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প জানিয়েছেন, ইরান সংঘাত হলে সংঘাত দ্রুত শেষ হতে পারে। একই সঙ্গে তিনি বলেন, পরিস্থিতি স্বাভাবিক হলে বিশ্ববাজারে জ্বালানি তেলের দামও কমে আসবে। তবে আলোচনা ভেঙে যাওয়ার পর ইরানের বন্দরগুলোতে নৌ অবরোধ জোরদার করেছে যুক্তরাষ্ট্র, যা তেহরান যুদ্ধবিরতির লক্ষ্যের ইঙ্গিত হিসেবে দেখছে।

ইরান ঝঁশিয়ারি দিয়ে বলেছে, পারস্য উপসাগর ও লোহিত সাগরে কোনো জাহাজে বাধা দেওয়া হলে তা সহ্য করা হবে না। পাল্টাপাল্টি অবস্থানের মধ্যেই সম্ভাব্য আলোচনার আভাস থাকলেও, পরিস্থিতি এখনো উত্তণ্ডই রয়েছে।